FYUGP/2nd Sem/26(NEP)New

2026

# Four Year Under Graduate Programme (FYUGP)

## 2nd Semester Examination (Under NEP)
## (New Session 2024-25)

## BENGALI (Major)

## Paper Code : BNGMJ DC-201

**(সপ্তদশ-অষ্টাদশ-উনবিংশ শতাব্দীর সাহিত্যের ইতিহাস ও সাহিত্য)**

Full Marks : 50 Time : Two Hours

**দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।**
**যথাসম্ভব নিজের ভাষায় নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।**

### বিভাগ - ক

১। মনসামঙ্গল কাব্যের ধারাগুলির উল্লেখ করো। মনসামঙ্গল কাব্য রচনায় যে-কোনো একটি ধারার একজন কবির কৃতিত্ব উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ২+৮=১০

**অথবা**

আরাকান রাজসভার পৃষ্ঠপোষকতায় রচিত সাহিত্যধারার স্বাতন্ত্র্য উল্লেখ করে কবি সৈয়দ আলাওলের কবি কৃতিত্বের পরিচয় দাও। ৪+৬=১০

২। 'ময়মনসিংহ গীতিকায়' সমকালীন সমাজ জীবনের যে পরিচয় পাওয়া যায় তা উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ১০

P.T.O.

**অথবা**

'ময়মনসিংহ গীতিকা'য় 'মলুয়া পালা' অবলম্বনে মলুয়া চরিত্রটি ব্যাখ্যা করো। ১০

৩। উনিশ শতকের বাংলা গদ্য রচনার ইতিহাসে উইলিয়ম কেরি এবং রামরাম বসুর অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫+৫=১০

**অথবা**

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখিত সামাজিক উপন্যাসগুলির নাম উল্লেখ করে বাংলা সামাজিক উপন্যাস রচনা ধারায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো। ৩+৭=১০

৪। উনিশ শতকের কাব্যধারায় যাঁরা মহাকাব্য রচনা করেছিলেন তাঁদের নাম উল্লেখ করো। এই ধারায় মাইকেল মধুসূদন দত্তকে কেন শ্রেষ্ঠ কবি বলা হয় তা সংক্ষেপে লেখো। ৩+৭=১০

**অথবা**

বাংলা নাটক ও নাট্যমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব আলোচনা করো। ১০

**বিভাগ - খ**

৫। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদি কবির নাম কী? তাঁর নিবাস কোথায় ছিল? ১+১=২

(খ) রায়গুণাকর কার উপাধি ছিল? তাঁর রচিত অন্নদামঙ্গল কাব্যের তিনটি খণ্ডের নাম কী? ১+১=২



(গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত গ্রন্থগুলির নাম লেখো। ২

(ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দু'টি মৌলিক গ্রন্থের নাম উল্লেখ করো। ২

(ঙ) প্যারীচাঁদ মিত্র এবং কালীপ্রসন্ন সিংহ — এই দুইজন লেখকের ছদ্মনাম দু'টি কী ছিল? ১+১=২

(চ) বাংলা সাহিত্যের 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর একটি উল্লেখযোগ্য কাব্যের নাম লেখো। ১+১=২

(ছ) কবে, কোন্ নাটকের অভিনয় দ্বারা ন্যাশনাল থিয়েটারের উদ্বোধন হয়েছিল? ১+১=২

---